

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০০৭৫

উদয়পুর, ১৭ মার্চ, ২০২৩

২০-২৮ মার্চ গোমতী জেলায় মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান

আগামী ২০ মার্চ থেকে গোমতী জেলায় মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান শুরু হবে। এই অভিযান চলবে আগামী ২৮ মার্চ পর্যন্ত। আজ উদয়পুর মহকুমা হাসপাতালের কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে অভিযান সম্পর্কে বলতে গিয়ে গোমতী জেলার নোডাল অফিসার ডা. সুজয় দাস বলেন, এবছর এটি চতুর্থ রাউন্ড অভিযান। এর আগে তিনবার সারা রাজ্যের সঙ্গে গোমতী জেলাতেও এই অভিযান সাফল্যের সঙ্গে রূপায়িত হয়। তিনি আরও জানান মোট নয়টি বিষয় অভিযানের সময় কাজ করবে। হাসপাতালের চিকিৎসক, স্বাস্থ্যকর্মী থেকে গ্রামের আশা ও অঙ্গনওয়াড়ি কর্মী পর্যন্ত সবাই একযোগে কাজ করবেন। স্কুল কলেজের শিক্ষকরাও এই অভিযানে অংশগ্রহণ করবেন। প্রাতিষ্ঠানিকভাবে এই অভিযান চারদিন চলবে এবং শেষের চারদিন কমিউনিটিতে ও বাড়ি বাড়ি অভিযান চলবে। তিনি জানান, স্কুল কলেজের ছাত্রছাত্রীদের কুমিনাশক ঔষধ, আয়রন ট্যাবলেট খাওয়ানোর পাশাপাশি সাবসেন্টারগুলিতে ১০ বছর ও ১৬ বছর বয়সের ছেলেমেয়েদেরকে টিটেনাস ও ডিপথেরিয়ার ভ্যাকসিন দেওয়া হবে। তাছাড়া মেয়েদের মধ্যে রক্তাল্পতার রোগ কমানোর জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে বলে তিনি জানান। এই অভিযান সফলভাবে সম্পন্ন করার জন্য ইতিমধ্যে গোমতী জেলাতে প্রস্তুতি সেরে নেওয়া হয়েছে। এবছর গোমতী জেলাভিত্তিক অনুষ্ঠানের সূচনা হবে আগামী ২০ মার্চ ঘোড়াকাপ্তা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সিডিপিও রিনা চক্রবর্তী, উদয়পুর মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. জয়দ্বীপ দেববর্মা, ডা. ভাস্কর দেবনাথ প্রমুখ।
